

৩৩৩

351

# ঢাকা বিশ্ববিদ্যালয় প্রকাশিত ৯ টি গ্রন্থের প্রকাশনা উৎসব

তারিখ ২৬/১০/৫০  
পৃষ্ঠা

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)  
বিশিষ্ট শিক্ষাবিদ ডঃ এনামুল  
হক বিশ্ববিদ্যালয়ে গবেষণাকর্মসহ  
সকল ক্ষেত্রে বাংলা ভাষাকে অগ্র-  
ধিকার দেয়ার জন্য গবেষক, শিক্ষক  
এবং সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান  
জানিয়েছেন। তিনি বহুসপ্তিভার  
টিএসসিতে অনুষ্ঠিত ঢাকা বিশ্ব-  
বিদ্যালয় কর্তৃক সম্প্রতি প্রকাশিত  
নয়টি গ্রন্থের প্রকাশনা উৎসবে  
বিশেষ অতিথির ভাষণে এ আহ্বান  
জনান। তিনি আরো বলেন, বাংলা  
ভাষায় যত বেশি বই-পুস্তক  
প্রকাশিত হবে জাতির মর্যাদা ততই  
বর্ধিত পাবে।

এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন  
ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডাইস-  
চ্যান্সেলর প্রফেসর ফজলুল হালিম  
চৌধুরী; তিনি বলেন, বিশ্ববিদ্যা-  
লয়ের নৈতিক দায়িত্ব কিছু সৃষ্টি  
করা। নয়টি বই প্রকাশের মাধ্যমে  
এ দায়িত্ব কিছুটা পালনের চেষ্টা  
করা হয়েছে। তিনি বলেন, আজ  
কাল চিত্র-চলচ্চিত্র ইংরেজীতে বই  
পড়তে আগ্রহী নয়। বর্তমানে  
শতকরা নব্বই জন ছাত্রছাত্রী পরী-  
ক্ষার উত্তরপত্র বাংলায় লেখে।  
বিলায় কোন ভাল বই না থাকলে  
অনেক ক্ষেত্রে তারা নিম্নমানের বই  
কেন সহযোগ্য নেন; বাংলা ভাষায় বই  
লেখা হলে তা প্রকাশের ব্যাপারে  
বিশ্ববিদ্যালয় প্রকাশনা কমিটি  
অগ্রাধিকার দেবে।

প্রকাশিত নয়টি গ্রন্থ হচ্ছে :  
দি এনিমি টেবিলনী : ডঃ সিবাজুল  
ইসলাম চৌধুরী, প্রাচীন ইংরেজী  
কব্য সাহিত্য : অধ্যাপক কবীর  
চৌধুরী দি এনচেনেড ল্যান্ডস্কেপ  
: স্ট্রাউজ ইন দি মিজল ইংলিশ  
ডিম পোকোটি : আহসানুল হক  
বাংলাদেশ ডিস্ট্রিক্ট বেকারস  
ঢাকা ডিস্ট্রিক্ট : ডঃ সিবাজুল ইস-  
লাম দি এক্সপোর্ট ট্রেড অব  
বাংলাদেশ ১৯৫০-১৯৭৮ পোর্টালিস  
এন্ড পাবসপেকটিভিস : এস এ  
লতিফুর রেজা, বরীন্দ্রনাথের উপ-  
ন্যাস : চেতনালোক ও শিক্ষারূপ :  
ডঃ সৈয়দ আকরম হোসেন, শিক্ষা  
সহায়িকা : ডঃ আবদুল মাহিন,  
রিসার্চিস অন অরগানোবোরন  
কম্পাউন্ডস : অধ্যাপক এস জেও  
হায়দার এবং দি হিস্ট্রি অব দি  
ইউনিভার্সিটি অব ঢাকা : ডঃ এম এ  
রহিম।

অনুষ্ঠানে নিজ নিজ গ্রন্থ  
সম্পর্কে লেখকগণ বক্তব্য রাখেন।  
তখন জনাব লতিফুর রেজা ও ডঃ  
সৈয়দ আকরম হোসেনের অন-  
পস্থিতিতে প্রকাশনা কমিটির সদস্য  
সচিব জনাব নুরুল ইসলাম লেখক-  
দলের বইয়ের ভূমিকা পাঠ করেন।  
মরহুম ডঃ এম এ রহিমের বই  
সম্পর্কে বক্তব্য রাখেন ইতিহাস  
বিভাগের চেয়ারম্যান ডঃ আবদুল  
মোমিন চৌধুরী, প্রকাশনা উৎসব  
উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের প্রকাশিত  
গ্রন্থসমূহের প্রদর্শনী এবং হীরক  
জয়ন্তী গ্রন্থমালা-রও উদ্বোধন করা  
হয়েছে। প্রদর্শনী ও গ্রন্থমেলা  
আগামী ২৬শে অক্টোবর পর্যন্ত  
প্রতিদিন সকাল দশটা থেকে সন্ধ্যা  
ছ'টা পর্যন্ত উন্মুক্ত থাকবে। এতে  
শতকরা দ্বিগুণ কমিশনে বই  
বিক্রির ব্যবস্থা করা হয়েছে।